

2 0 2 4

BENGALI

(Modern Indian Language)

Full Marks : 100

Pass Marks : 30

Time : 3 hours

The figures in the margin indicate full marks for the questions

ALLOTMENT OF MARKS

Q. No. 1 carries 1 mark each	:	1×12 = 12
Q. No. 2 carries 2 marks each	:	2×4 = 8
Q. No. 3 carries 2 marks each	:	2×6 = 12
Q. No. 4 carries 4 marks each	:	4×4 = 16
Q. No. 5 carries 4 marks each	:	4×4 = 16
Q. No. 6 carries 11 marks	:	= 11
Q. No. 7 carries 6 marks each	:	6×2 = 12
Q. No. 8 carries 13 marks	:	= 13
		<hr/>
		Total = 100

(2)

১। অতি সংক্ষিপ্ত উত্তর দাও (যে-কোন বারোটি) :

১×১২=১২

(ক) 'ইচ্ছেপূরণ' গল্পটি কার লেখা ?

(খ) "ঠাকুরবি ক্ষেপেছ নাকি?" ঠাকুরবি কে ?

(গ) লাচার বলতে কী বোঝ ?

(ঘ) 'আহার ও পানীয়' রচনাটি কোন্ গ্রন্থের অন্তর্গত ?

(ঙ) গোজেনের সম্ভানের নাম কী ?

(চ) মাঝির বাড়ি কোথায় ছিল ?

(ছ) কোন্ মন্দিরের দরজার চৌকাঠে খোদিত লিপিতে হর্ষবর্মার বিজয় উল্লিখিত আছে ?

(জ) 'বাংলার মুখ আমি দেখিয়াছি' কবিতাটি কোন্ কাব্যগ্রন্থ থেকে নেওয়া হয়েছে ?

(ঝ) হরবোলা শব্দের অর্থ কী ?

(ঞ) কার শরীরে কম্প দিয়ে স্বর আসত ?

(ট) 'কেউ কথা রাখেনি' কবিতায় মাঝির নাম কী ?

(ঠ) 'ভাড়াটে চাই' নাটকটি কার লেখা ?

- (ড) ভূপেনবাবুর ভাইপোর নাম কী ?
- (ঢ) বাংলা শব্দভাণ্ডার প্রধানত ক'ভাগে বিভক্ত ?
- (ণ) চাকচক্য বাংলায় প্রচলিত হলেও এর শুদ্ধ রূপটি কী ?

২। যে-কোন চারটি প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাও :

২×৪=৮

- (ক) শনিবার দিন সুশীল স্কুলে যেতে চাইছিল না কেন ?
- (খ) “কিন্তু দাও এবার আমাকে কাহন-দুই খড়” —কে, কার প্রতি এই উক্তি করেছে ?
- (গ) অষ্টিক জাতির যে কোনো দুটি চরিত্র-লক্ষণের উল্লেখ করো ।
- (ঘ) ‘সৃষ্টির আদিকথা ও জুমচাষ প্রচলনের কাহিনি’ গল্পটি কোন্ উপজাতি সম্পর্কীয় ? তাদের ভাষায় ঈশ্বরকে কী বলে ?
- (ঙ) “পরিচয়কে স্বীকার করতে উভয়েই নারাজ ।” উভয়ে বলতে কাদের কথা বলা হয়েছে ? কেন তারা পরিচয় দিচ্ছিল না ?

৩। ‘ক’—অংশ ও ‘খ’—অংশ থেকে তিনটি করে প্রশ্নের উত্তর দাও :

২×৬=১২

‘ক’—অংশ

- (ক) চৈতন্যদেবের পিতামাতার নাম উল্লেখ করো ।

- (খ) তেয়াটিয়া তাল বলতে কী বোঝ ? তেয়াটিয়া তালের সঙ্গে কালকেতুর কী সম্পর্ক ?
- (গ) শেওড়া বনে হাজরা তলায়, শ্মশান ঘাটায় বটের শাখায় কারা কারা থাকে ?
- (ঘ) 'ফুল ফুটুক না ফুটুক' কবিতাটি কোন্ কাব্যগ্রন্থের অন্তর্গত ? সংকলনটি কোন্ সালে প্রকাশিত হয়েছিল ?

'খ'—অংশ

- (ঙ) ভূপেনবাবু যে হলঘরটি ডাড়া দেবেন বলে ঠিক করেছিলেন সেটি কেমন ছিল ?
- (চ) কে 'দাড়িওলা' সেজেছিল এবং কেন ?
- (ছ) ঘরভাড়া চাইতে আসা চারজন ব্যক্তির নাম উল্লেখ করো ।
- (জ) "খাস আইডিয়া—কাকা"—বক্তা কে ? আইডিয়াটি কী ?

৪। যে-কোন চারটি প্রশ্নের উত্তর দাও :

৪×৪=১৬

(ক) টীকা লেখো :

বেহলা ; চন্দ্রভুক অমাবস্যা ।

(খ) "বছিরদির ঘুম ভেঙে যায়"—কেন বছিরদির ঘুম ভেঙে যায় ? তারপর সে কী করে ?

- (গ) ‘কালকেতুর ভোজন’ অবলম্বনে কালকেতুর ভোজনের একটি সংক্ষিপ্ত বিবরণ দাও।
- (ঘ) ‘ফুল ফুটুক না ফুটুক’ কবিতায় কবির বসন্ত-চেতনার অভিনবত্বের পরিচয় দাও।
- (ঙ) “জল বিনা যেন হয় মৎস্যের জীবন”—প্রসঙ্গ ব্যাখ্যা করো।

৫। নিচের প্রশ্নগুলোর উত্তর দাও (যে-কোন চারটি) :

৪×৪=১৬

- (ক) “আহার শুদ্ধ হলে মন শুদ্ধ হয়”—বিবেকানন্দের অনুসরণে মন্তব্যটির গুরুত্ব আলোচনা করো।
- (খ) ‘আদাব’ গল্পের কাহিনির সঙ্গে নামকরণের সঙ্গতি রয়েছে কিনা, আলোচনা করো।
- (গ) লজ্জাবতীর চরিত্র সংক্ষেপে বিশ্লেষণ করো।
- (ঘ) কামরূপের শাসনকর্তারা কাদের এবং কেন তাম্রপত্র দিতেন?
- (ঙ) “আচ্ছা, ভালো, কিছুদিন ইহাদের ইচ্ছা পূর্ণ করিয়াই দেখা যাক।”
উক্তিটি কার? তিনি কাদের ইচ্ছা পূর্ণ করেছিলেন? তার ফলে কী হয়েছিল, সংক্ষেপে লেখো।

৬। সপ্রসঙ্গ ব্যাখ্যা করো :

৬+৫=১১

- (ক) “মহারাজার রাজত্বে কেউ কারো গোলাম নয়। খাজনা দিয়ে বাস করি, আমি যাবো না।”

অথবা

“বিচারক যেখানে বিধিবদ্ধ বিধানের মধ্যে আবদ্ধ নয়, সেখানে বিচার হয় না, বিচারের নামে ঘটে স্বেচ্ছাচার। তাই ওইটুকু অপরাধে শৈলর অদৃষ্টে গুরুদণ্ড হইয়া গেল, সেই রাত্রেরই তাহার নির্বাসনের ব্যবস্থা হইল।”

(খ) “কেউ কথা রাখেনি, তেত্রিশ বছর কাটলো, কেউ কথা রাখেনি।”

অথবা

“ছিন্ন খঞ্জনার মতো যখন সে নেচেছিল ইন্ডের সভায়
বাংলার নদী মাঠ ভাঁটফুল ঘুঙুরের মতো তার কেঁদেছিল পায়।”

৭। (ক) বিপদের আশঙ্কা সত্ত্বেও মাঝি সেই রাত্রেই বাড়ি ফিরে যেতে চেয়েছিল কেন?
মাঝির পরিণতি কী হয়েছিল, আলোচনা করো।

৬

অথবা

“বড় মানুষের ঝি, একটা নেপ দিয়েছিলুম তা ফেরত দেওয়া হয়েছে।” কাকে
উদ্দেশ্য করে, কে একথা বলেছেন? প্রসঙ্গ উল্লেখ করে ঘটনাটি বিশদ করো।

(খ) ভূপেনবাবুর ঘরটি গাবলু ও তার বন্ধুরা কোন্ কাজে ব্যবহার করতে চেয়েছিল?
তাদের ইচ্ছা কীভাবে বাস্তবায়িত হয়েছিল?

৬

অথবা

“পৃথিবীতে কোথাও ভদ্রলোক নেই দেখছি।”

বক্তা কে? ‘ভাড়াটে চাই’ নাটক অবলম্বনে ঘটনাটি বিশ্লেষণ করো।

৮। নির্দেশানুযায়ী উত্তর দাও :

(ক) পদ পরিবর্তন করো (যে-কোন তিনটি) :

১×৩=৩

আকুলতা ; মেরুদণ্ড ; পিতা ; তরুণ ; পরিতৃপ্ত ; উপবাসী।

(খ) উদাহরণসহ টীকা লেখো (যে-কোন দুটি) :

২×২=৪

তৎসম শব্দ ; আগম্ভক শব্দ ; তদ্ভব শব্দ ; বিদেশি শব্দ।

(7)

(গ) অশুদ্ধি সংশোধন করো (যে-কোন তিনটি) :

১×৩=৩

অনাটন ; মনমোহন ; আবিষ্কার ; কালীদাস ; ভবিষ্যত ।

(ঘ) কারক-বিভক্তি নির্ণয় করো (যে-কোন তিনটি) :

১×৩=৩

(১) অন্ধজনে দেহ আলো ।

(২) পাখি সব করে রব রাতি পোহাইল ।

(৩) এই কলমের লেখা খুব সুন্দর ।

(৪) বুদ্ধি খাটিয়ে কাজ করো ।

(৫) যেখানে বাঘের ভয় সেখানে সন্ধ্যা হয় ।

(৬) তিলে তেল হয় ।
